

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৫- ৩০৭(৫)

তারিখঃ ১৬/০৪/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ জাল/ভূয়া স্পেশালাইজেশন পত্রের মাধ্যমে শিক্ষক এমপিও ভুক্তিকরন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন দৌলতপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ এর জনাব সঞ্জয় বসাক, প্রভাষক(হিসাব রক্ষণ), জনাব জাহাঙ্গীর আলম, প্রভাষক(হিসাব রক্ষণ) কারিগরি শিক্ষা বোর্ডের এ্যাফিলিয়েশন জালিয়াতির মাধ্যমে এমপিও ভুক্ত হয়েছেন। তাঁদের এমপিও প্রস্তাবের সাথে দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই-বাছাই করে জালিয়াতির বিষয়টি সংশ্লিষ্ট কতৃপক্ষের নজরে আসে।

২। ২০১০ জনবল কাঠামো (মার্চ/২০১৩ পর্যন্ত) সংশোধিত ১৮(১) (ঘ) ধারা মোতাবেক এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতিত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এমপিও এর জন্য আবেদন প্রেরন করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে মর্মে-উল্লেখ রয়েছে।

৩। এমপিও ভুক্তির জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর প্রদত্ত স্পেশালাইজেশন অনুমোদন পত্রটি টেম্পারিং করে জালিয়াতির মাধ্যমে প্রেরন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, জনবল কাঠামো ১৮(১) (ঘ) ধারার শর্ত ভঙ্গ করেছেন।


৪। এমতাবস্থায় সংশ্লিষ্ট শিক্ষক এবং প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা সরকারি অংশ স্থগিতকরণসহ তাঁদের বিরুদ্ধে কেন ফৌজদারী কার্যবিধির আওতায় মামলা করা হবে না তা পত্র প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে অত্র দপ্তরে উপযুক্ত প্রমাণকসহ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

প্রাপক : ১। অধ্যক্ষ

দৌলতপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ
দৌলতপুর, মানিকগঞ্জ।

২। জনাব সঞ্জয় বসাক, প্রভাষক(হিসাব রক্ষণ)
দৌলতপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ
দৌলতপুর, মানিকগঞ্জ।

৩। জনাব জাহাঙ্গীর আলম, প্রভাষক(হিসাব রক্ষণ)
দৌলতপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ
দৌলতপুর, মানিকগঞ্জ।


(ড/মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
- ৪। সভাপতি, দৌলতপুর টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, মানিকগঞ্জ।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৬। আইন কর্মকর্তা, আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। পি.এ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।